রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুলাই ২, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আবগারী)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ই আষাঢ়, ১৩৯৫/১লা জুলাই, ১৯৮৮

নং এস, আর, ও, ১৮৯/আইন/৮৮/১৮৬-আবগারী—Excises and Salt Act, 1944 (I of 1944) এর section 3A(1)(a) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত আবগারী শুল্কযোগ্য পণ্য ও সার্ভিসের উপর উহাদের বিপরীতে উল্লেখিত হারে রেগুলেটরী আবগারী শুল্ক আরোপ করিলেন, যথাঃ—

| Excises and Salt Act, 1944 এর First Schedule এর আইটেম নম্বর | পণ্য ও সার্ভিস এর বর্ণনা | রেগুলেটরী আবগারী শুল্কের হার |
|---|---|---|
| 02.04 (2)(ii)(a)(d) | যান্ত্রিক উপায়ে উৎপাদিত সিগারেট | আরোপ্য আবগারী শুল্কের শতকরা ১০ ভাগ |
| 13.01 | হোটেল ও রেস্তোঁরা প্রদত্ত সার্ভিস | আরোপ্য আবগারী শুল্কের শতকরা ৫ ভাগ |

রাষ্ট্রপতির আদেশক্রমে
এস, এম, আকরাম
অতিরিক্ত সচিব।



মূল্যঃ ১০ পয়সা

(বীমা প্রিমিয়াম কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ই আষাঢ়, ১৩৯৫/১লা জুলাই, ১৯৮৮

নং এস, আর, ও ১৯০/আইন/৮৮/১৮৭-বীপ্রিক—অর্থ আইন, ১৯৮৮ (১৯৮৮ সালের ...................নং আইন) এর ধারা ১১(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা নির্ধারণ করিলেন যে, সাধারণ বীমা পলিসির জন্য প্রদত্ত প্রিমিয়াম এর উপর প্রদেয় বীমা প্রিমিয়াম করের পরিমাণ হইবে উক্ত প্রিমিয়ামের শতকরা ৫ ভাগ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস, এম, আকরাম

অতিরিক্ত সচিব।

---

(আবগারী)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ই আষাঢ়, ১৩৯৫/১লা জুলাই, ১৯৮৮

নং এস, আর, ও ১৯১/আইন/৮৮/১৮৮-আবগারী—Excises and Salt Act, 1944 (I of 1944) এর section 12A(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের ১৬ই জুন, ১৯৮৮/৩রা আষাঢ়, ১৩৯৫ তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও ১৫৩-আইন/৮৮/১৭৩-আবগারীতে নিম্নরূপ সংশোধন করিলেন, যথাঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল ১ এ, কলাম (1) এর আইটেম নম্বর 03.04(1) এর এবং উহার বিপরীতে কলাম (2) এবং (3) এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ আইটেম নম্বর ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

| | | |
|---|---|---|
| "03.04(1) | Petroleum gases and other gaseous hydrocarbons including natural gas, if used in— | |
| | (a) the generation of power by the Power Development Board and in the production of fertilizer. | Taka twenty-three and poisha twenty-eight per thousand cubic feet or taka eight hundred twenty-two and poisha forty-eight per thousand cubic metres. |
| | (b) commercial (regular) purpose. | Taka seventy-two and poisha nienty per thousand cubic feet or taka two thousand five hundred seventy-five and poisha fifty-five per thousand cubic metres. |

| | |
|---|---|
| (c) commercial (seasonal) purpose. | Taka sixty-seven and poisha sixteen per thousand cubic feet or taka two thousand three hundred seventy-two and poisha seventy-six per thousand cubic metres. |
| (d) industrial purpose. | Taka forty-one and poisha ninety-nine per thousand cubic feet or taka one thousand four hundred eighty-three and poisha fifty-one per thousand cubic metres. |
| (e) tea estates. | Taka forty-five and poisha eighty-three per thousand cubic feet or taka one thousand six hundred nineteen and poisha seventeen per thousand cubic metres. |
| (f) (i) domestic purpose (with meter). | Taka forty and poisha twenty-one per thousand cubic feet or taka one thousand four hundred twenty and poisha eighty-four per thousand cubic metres. |
| (ii) single burner (without meter) | Taka forty-six and poisha ninety-six per thousand cubic feet or taka one thousand six hundred fifty-nine and poisha nine per thousand cubic metres |
| (iii) double burner (without meter) | Taka forty-seven and poisha thirteen per thousand cubic feet or taka one thousand six hundred sixty-four and poisha ten per thousand cubic metres" |

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস, এম, আকরাম
অতিরিক্ত সচিব।

---

(আবগারী)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ই আষাঢ়, ১৩৯৫/১লা জুলাই, ১৯৮৮

নং এস, আর, ও ১৯২/আইন/৮৮/১৮৯-আবগারী—Excises and Salt Act, 1944 (I of 1944) এর section 37 এ, উক্ত Act এর section 3(4) সহ পঠিতব্য, প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, এবং উহার ১৮ই জুন, ১৯৮৭/৩রা আষাঢ়, ১৩৯৪ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও ১২৪-এল/৮৭/১৬৪-আবগারী রহিতক্রমে, উক্ত Act এর FIRST SCHEDULE এর PART I এর Item 02.03তে বর্ণিত "Beverages" শিরোনামার অধীন

"Aerated waters, all sorts" এর উপর উক্ত Act এর section 3(1) অনুসারে আবগারী শুল্ক আরোপের পরিবর্তে উৎপাদনে ব্যবহৃত ফিলার মেশিনের উৎপাদন ক্ষমতার ভিত্তিতে আবগারী শুল্ক ধার্যকরণ ও আদায়ের উদ্দেশ্যে নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। এই বিধিমালা উৎপাদন ক্ষমতাভিত্তিক আবগারী শুল্ক (হালকা পানীয়) বিধিমালা, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

২। বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ—Excise and Salt Act, 1944 (I of 1944) ;

(খ) "আবগারী শুল্ক" অর্থ বিধি ৪ বা ৫ এর অধীন ধার্য ও আদায়যোগ্য আবগারী শুল্ক;

(গ) "উৎপাদনকারী" অর্থ—হালকা পানীয় উৎপাদনের দায়িত্বে নিয়োজিত স্বত্বাধিকারী, ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক, মহা-ব্যবস্থাপক, ব্যবস্থাপক, অংশীদার, পরিচালনা অংশীদার বা অন্য কোন পদবীতে পরিচিত ব্যক্তি;

(ঘ) "ফিলার মেশিন" অর্থ হালকা পানীয় উৎপাদনের কাজে ব্যবহৃত ফিলার মেশিন;

(ঙ) "বোর্ড" অর্থ আইনের section 2(b)তে সংজ্ঞায়িত বোর্ড;

(চ) "হালকা পানীয়" অর্থ আইনের RIST SCHEDULE এর PART I এ Column 1 এর Item 02·03(1) এর বিপরীতে Column 2তে বর্ণিত "Aerated Waters, all sorts".

(ছ) "যথাযথ কর্তৃপক্ষ" অর্থ এইরূপ Deputy Collector of Excise বা Assistant Collector of Excise যাহার স্হানীয় এখতিয়ারাধীনে উৎপাদনকারী হালকা পানীয় উৎপাদন করেন।

৩। (১) হালকা পানীয় উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানে স্হাপিত প্রতিটি ফিলার মেশিন প্রতি অর্থ বৎসরে দুই কোটি পঞ্চাশ লক্ষ বোতল হালকা পানীয় উৎপাদনে সক্ষম বলিয়া বিবেচিত হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লেখিত উৎপাদন ক্ষমতা ঢাকা বিভাগে অবস্হিত ফিলার মেশিনের ক্ষেত্রে শতকরা ৮০ ভাগ, চট্টগ্রাম বিভাগে অবস্হিত মেশিনের ক্ষেত্রে শতকরা ৬৪ ভাগ এবং রাজশাহী ও খুলনা বিভাগে অবস্হিত মেশিনের ক্ষেত্রে শতকরা ৪৮ ভাগ ব্যবহৃত হইয়াছে বলিয়া ধরা হইবে।

৪। বিধি-৩ এ উল্লেখিত নীতির ভিত্তিতে প্রতিটি ফিলার মেশিনের উপর প্রতি অর্থ বৎসরে ঢাকা বিভাগে অবস্হিত মেশিনের ক্ষেত্রে ২ কোটি টাকা, চট্টগ্রাম বিভাগে অবস্হিত মেশিনের ক্ষেত্রে ১ কোটি ৬০ লক্ষ টাকা এবং খুলনা ও রাজশাহী বিভাগে অবস্হিত মেশিনের ক্ষেত্রে ১ কোটি ২০ লক্ষ টাকা হারে আবগারী শুল্ক আরোপ ও আদায় করা হইবে।

৫। মেশিনের রক্ষণাবেক্ষণ, মৌসুমী বিরতি, লে-অফ, প্রাকৃতিক দুর্যোগ, দুর্ঘটনা কিংবা উৎপাদনকারীর নিয়ন্ত্রণ বহির্ভূত অন্যবিধ কোন কারণে এক নাগাড়ে অন্যূন ১৯০ দিন উৎপাদন বন্ধ থাকিলে উৎপাদনকারী বিধি-৪ এ ধার্যকৃত আবগারী শুল্কের আনুপাতিক অব্যাহতির জন্য বোর্ডের নিকট আবেদন করিতে পারিবেন। এতদ-উদ্দেশ্যে উৎপাদনকারী উৎপাদন বন্ধ হইবার ২৪ ঘন্টার মধ্যে যথাযথ কর্তৃপক্ষকে উৎপাদন বন্ধ হওয়ার ঘটনা অবহিত করিবেন। উৎপাদন বন্ধ হইবার কারণ বোর্ডের নিকট সন্তোষজনক বলিয়া বিবেচিত হইলে, বোর্ড বন্ধকালীন সময়ের জন্য প্রদেয় শুল্কের সম্পূর্ণ বা অংশবিশেষ মওকুফ করিতে পারে।

৬। উৎপাদনকারী তাহার শিল্প প্রতিষ্ঠানে স্থাপিত ফিলার মেশিনের সংখ্যা উল্লেখ-পূর্বক একটি লিখিত ঘোষণা এই বিধিমালা কার্যকর হওয়ার দশ দিনের মধ্যে এবং প্রত্যেক বৎসরে ২৫শে জুনের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের জন্য অনুরূপ ঘোষণা যথাযথ কর্তৃপক্ষের নিকট পেশ করিবেনঃ

তবে শর্ত থাকে যে, এ বিধিমালা জারীর পরে নতুন কোন প্রতিষ্ঠান হালকা পানীয় উৎপাদন শুরু করিতে ইচ্ছা করিলে উৎপাদন শুরুর অন্ততঃ ৭ দিন পূর্বে সেই ব্যক্তি বা প্রতিষ্ঠান ফিলার মেশিনের সংখ্যা সম্পর্কে একটি লিখিত ঘোষণা যথাযথ কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

৭। বিধি-৬ এর অধীন ঘোষণা পাওয়ার পরে যথাযথ কর্তৃপক্ষ বিধি-৩ ও বিধি-৪ এ বর্ণিত নীতি ও হার অনুসারে সংশ্লিষ্ট অর্থ বৎসরের জন্য উৎপাদনকারীর উপর ক্ষমতাভিত্তিক আবগারী শুল্ক ধার্য করিয়া উৎপাদনকারীকে উহা অবহিত করিবেন। তবে শর্ত থাকে যে, কোন উৎপাদনকারী এই বিধিমালা কার্যকর হওয়ার পরে নতুন ফিলার মেশিন স্থাপন করিলে তাহার ক্ষেত্রে উৎপাদন আরম্ভের তারিখ হইতে আনুপাতিক হারে সংশ্লিষ্ট অর্থ বৎসরের জন্য উৎপাদন ক্ষমতাভিত্তিক এই এই শুল্ক ধার্য করা হইবে এবং উহা উৎপাদনকারীকে অবহিত করা হইবে।

৮। (১) বিধি-৭ এর অধীন ধার্যকৃত আবগারী শুল্কের পরিমাণ সম্পর্কে অবহিত হওয়ার ৭ দিনের মধ্যে উৎপাদনকারী তাহার উপর ধার্যকৃত আবগারী শুল্কের বার ভাগের এক ভাগের সমপরিমাণ অংকের একটি ব্যাংক গ্যারান্টি যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন। এই ব্যাংক গ্যারান্টি কোন তফসিলী ব্যাংক কর্তৃক পরিশিষ্ট-'ক'-তে বর্ণিত ফরমে প্রদত্ত হইবে। উৎপাদনকারী ধার্যকৃত আবগারী শুল্ক বারোটি সমান কিস্তিতে প্রত্যেক মাসের শেষ কার্য দিবসের মধ্যে "১৪-আবগারী শুল্ক—হালকা পানীয়ের উপর আবগারী শুল্ক" খাতে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী ট্রেজারীতে জমা করিবেন এবং ট্রেজারী চালানের অনুলিপি (ডুপ্লিকেট) যথাযথ কর্তৃপক্ষের নিকট পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে দাখিল করিবেন। উক্ত সময়ের মধ্যে কিস্তির টাকা জমা করিতে উৎপাদনকারী ব্যর্থ হইলে গ্যারান্টির শর্তানুসারে গ্যারান্টির সমুদয় অর্থ গ্যারান্টি প্রদানকারী ব্যাংক সরকারী ট্রেজারীতে জমা দিবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে কোন ব্যাংক গ্যারান্টির অর্থ ট্রেজারীতে জমা হওয়ার ৭ দিনের মধ্যে সংশ্লিষ্ট উৎপাদনকারী পুনরায় উপ-বিধি (১)এ উল্লেখিত ফরমে কোন তফসিলী ব্যাংক কর্তৃক প্রদত্ত একটি নতুন ব্যাংক গ্যারান্টি যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন।

৯। উৎপাদনকারী তাহার উৎপাদন ও তাহার উপর ধার্যকৃত আবগারী শুল্ক পরিশোধের তথ্য ত্রৈমাসিক ভিত্তিতে পরিশিষ্ট-'খ' এ বর্ণিত ফরমে প্রতি বৎসর ৭ই অক্টোবর, ৭ই জানুয়ারী, ৭ই এপ্রিল ও ৭ই জুলাই তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

১০। উৎপাদনকারী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনপ্রাপ্ত অন্যূন আবগারী ইন্সপেক্টর পদ-মর্যাদাসম্পন্ন যে কোন আবগারী কর্মকর্তাকে সকল যুক্তিযুক্ত সময়ে চাহিবামাত্র পরিদর্শন, হিসাব গ্রহণ, পরীক্ষা-নিরীক্ষা ও তদন্ত কাজের জন্য প্রয়োজনীয় উৎপাদন সংক্রান্ত সকল যন্ত্রপাতি, বই বা কাগজপত্র প্রদর্শন এবং তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।

১১। এই বিধিমালার অধীনে ধার্যকৃত আবগারী শুল্কের দ্বারা কোন উৎপাদনকারী ক্ষতিগ্রস্ত হইয়াছেন মনে করিলে তিনি উহা পুনঃ বিবেচনার জন্য ধার্যকরণের আদেশ জারীর ৩০ দিনের মধ্যে আইনের section 3(6) এর অধীন গঠিত Standing Tribunal এর নিকট আবেদন করিতে পারেন এবং এই আবেদন পত্রের উপর উক্ত Tribunal যে আদেশ দিবে উহাই চূড়ান্ত হইবে।

১২। Excises and Salt Rules, 1944 এর rule 9, 12, 13, 47, 49, 50, 51, 52, 52-A, 52-B, 53, 53-B, 53-C, 53-D, 53-E, 55, 56, 223, 224(1), 228, 228-A, 229, 236, 237, 238, 239, 241, 243, 244, 245 এবং 246 হালকা পানীয় উৎপাদনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না। তবে উক্ত Rules এর অন্যান্য বিধানাবলী এই বিধিমালার কোন বিধানের সহিত অসামঞ্জস্যপূর্ণ না হইলে উক্ত অন্যান্য বিধানাবলী উৎপানকারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৩। এই নিধিমালার অধীনে কোন উৎপাদনকারী সঠিক ঘোষণা প্রদান না করিলে বা এই বিধিমালার কোন বিধান লংঘন করিলে আইন বা বিধি ১২-এর অধীনে কোন উৎপাদনকারীর ক্ষেত্রে প্রযোজ্য বিধানাবলী অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ ছাড়াও অনধিক দশ হাজার টাকা বা তাহার উপর নির্ধার্য আবগারী শুল্কের অনধিক দশগুণ পরিমাণ, যাহাই বেশী হউক, জরিমানা আরোপ করা যাইবে।

ফিরোজ আহমেদ
দ্বিতীয় সচিব (আবগারী)।

পরিশিষ্ট 'ক'

**উৎপাদন-ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্ক (হালকা পানীয়) বিধি, ১৯৮৮ এর ক্ষেত্রে প্রযোজ্য ব্যাংক গ্যারান্টির ফরম।**

(বিধি ৮)

ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কালেকটর,
....................এক্সসাইজ বিভাগ।

উৎপাদন-ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্ক (হালকা পানীয়) বিধি, ১৯৮৮ এর ৭ ধারার বিধান মোতাবেক এবং ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কালেকটর অব এক্সসাইজ.... .....এর ..............তারিখের নং ............... আদেশের মাধ্যমে মেসার্স..... ..........................অনুকূলে..............সালের জন্য ধার্যকৃত ..............টাকা আবগারী শুল্কের বার ভাগের এক ভাগের সমপরিমাণ অর্থ উক্ত কর্তৃপক্ষকে পরিশোধ করার জন্য আমরা ......................... (ব্যাংকের নাম ও ঠিকানা) নিঃশর্তে প্রতিশ্রুতি প্রদান করিতেছি। উক্ত বিধিমালার শর্তানুযায়ী মেসার্স...................................................সকল বা কোন কিস্তির আবগারী শুল্ক যথাযথভাবে পরিশোধে ব্যর্থ হইয়াছে এই মর্মে উক্ত ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কালেকটর অব এক্সসাইজ দাবী জানাইলে, কোন প্রকার প্রশ্ন উত্থাপন না করিয়াই এবং মেসার্স...........................এর সহিত যোগাযোগ ব্যতিরেকেই দাবীকৃত অর্থ সরকারী কোষাগারে (১৪-আবগারী শুল্ক খাতে) জমা প্রদানে আমরা বাধ্য থাকিব।

তবে মেসার্স............................................................ ধার্যকৃত আবগারী শুল্কের কোন অংশ কিস্তি হিসাবে পরিশোধ করিলে অত্র প্রতিশ্রুতি পত্রে উল্লেখিত মোট পরিমাণ অর্থ হইতে উক্ত পরিমাণ অর্থ হ্রাস পাইয়াছে বলিয়া গণ্য হইবে।

এই গ্যারান্টি উক্ত ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কালেকটর এর সম্মতিক্রমে পূর্বাহ্নে বাতিল, সংশোধন বা পরিবর্তন না হইলে ১৯৮..সালের ১লা জুলাই হইতে ১৯৮..সালের ৩০শে সেপ্টেম্বর (১৫ মাস) পর্যন্ত বলবৎ থাকিবে।

এই গ্যারান্টিতে প্রতিশ্রুতি অর্থের পরিমাণ............. টাকার উর্ধে হইবে না।

ব্যাংক কর্মকর্তা/কর্তাদের নাম

স্থানঃ

স্বাক্ষরঃ

তারিখঃ

সীলঃ

**পরিশিষ্ট 'ঘ'**

**হালকা পানীয় এর উৎপাদন ও রাজস্ব পরিশোধের খতিয়ান সম্পর্কিত ত্রৈমাসিক বিবরণী।**

(বিধিঃ ৯)

উৎপাদকের নাম ও ঠিকানাঃ

| কিস্তির মেয়াদকাল | পণ্যের বর্ণনা | উৎপাদনের পরিমাণ | আবগারী শুল্ক পরিশোধের পরিমাণ | ট্রেজারী চালান নম্বর | পরিশোধের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

স্থানঃ উৎপাদকের স্বাক্ষর

তারিখঃ সীল।

---

(বীমা প্রিমিয়াম কর)

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৭ই আষাঢ়, ১৩৯৫/১লা জুলাই, ১৯৮৮**

**নং এস, আর, ও ১৯৩/আইন/৮৮/১৯০-বীপ্রিক**—অর্থ আইন, ১৯৮৮ (**১৯৮৮ সালের** ..............নং আইন) এর ধারা ১১(৫) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব **বোর্ড** নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। এই বিধিমালা বীমা প্রিমিয়াম কর বিধিমালা, ১৯৮৮ নামে অভিহিত **হইবে।**

২। বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "আইন" বলিতে অর্থ আইন, ১৯৮৮ বুঝাইবে;

(খ) "উপযুক্ত কর্মকর্তা" বলিতে বীমা কোম্পানী কর্তৃক এই বিধিমালার **উদ্দেশ্যে** ক্ষমতা প্রদত্ত কর্মকর্তাকে বুঝাইবে;

(গ) "কর" বলিতে আইনের ১১(১) ধারার অধীনে আরোপিত বীমা প্রিমিয়াম কর বুঝাইবে;

(ঘ) "কালেক্টর" বলিতে শুল্ক ও আবগারী কালেক্টরেটের এইরূপ কালেক্টর বুঝাইবে যাহার এক্তিয়ারাধীন এলাকায় সংশ্লিষ্ট বীমা কোম্পানীর প্রধান কার্যালয় অবস্থিত।

৩। বীমা কোম্পানী বীমা গ্রহীতার নিকট হইতে প্রিমিয়াম গ্রহণকালে আইনের ধারা ১১(১) এর অধীন প্রদেয় কর পৃথকভাবে আদায় করিবে।

৪। (১) বীমা গ্রহীতার নিকট হইতে প্রিমিয়াম আদায়কারী বীমা কোম্পানীর অফিসসমূহ কর বাবদ আদায়কৃত অর্থের হিসাব বিবরণী (Statement of Accounts) উক্ত কোম্পানীর প্রধান কার্যালয়ে উপযুক্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবে।

(২) বীমা কোম্পানীর প্রধান কার্যালয় আদায়কৃত কর উহার বিভিন্ন অফিস হইতে প্রাপ্ত হিসাব বিবরণীর ভিত্তিতে উক্ত অফিসসমূহ হইতে সংগ্রহ করিয়া ত্রৈমাসিক ভিত্তিতে সরকারী ট্রেজারী বা সাব-ট্রেজারীতে "১৮-অন্যান্য কর ও শুল্ক-বীমা প্রিমিয়াম কর" খাতে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করিবে।

(৩) প্রধান কার্যালয় ত্রৈমাসিক ভিত্তিতে জুলাই হইতে সেপ্টেম্বর, অক্টোবর হইতে ডিসেম্বর, জানুয়ারী হইতে মার্চ এবং এপ্রিল হইতে জুন মাসের মধ্যে আদায়কৃত কর উক্ত ত্রৈমাসিক মেয়াদের পরবর্তী, যথাক্রমে ৭ই নভেম্বর, ৭ই ফেব্রুয়ারী, ৭ই মে এবং ৭ই আগষ্ট তারিখের মধ্যে উপ-বিধি (২) মোতাবেক জমা করিবার পর উক্তরূপ জমার ট্রেজারী চালানসমূহের ডুপ্লিকেট কপি ও এই বিধিমালার সহিত সংযোজিত ছক অনুযায়ী সংশ্লিষ্ট ত্রৈমাসিক রিটার্ণ পনের দিনের মধ্যে সংশ্লিষ্ট কালেক্টরের নিকট প্রেরণ করিবে এবং উক্ত রিটার্ণ এর একটি অনুলিপি জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব (আবগারী-১) এর নিকটও একই সময়সীমার মধ্যে প্রেরণ করিবে।

৫। কোন কারণবশত বীমা গ্রহীতাকে কোন বীমা কোম্পানী পরিশোধকৃত কোন প্রিমিয়াম বা উহার অংশবিশেষ প্রত্যর্পণ করিলে প্রত্যার্পিত প্রিমিয়াম বা উহার অংশবিশেষের উপর আদায়কৃত করও বীমা গ্রহীতাকে প্রত্যর্পণ করিবে।

৬। বীমা কোম্পানী সংশ্লিষ্ট কালেক্টর বা তৎকর্তৃক মনোনীত যে কোন কর্মকর্তাকে যুক্তিযুক্ত সময়ে উহার অফিসে প্রবেশ করিতে এবং উহার অফিসে রক্ষিত বীমা প্রিমিয়াম ও বীমা কর সম্পর্কিত রেকর্ডপত্র রেজিষ্টার, দলিল দস্তাবেজ ও হিসাব বহিসমূহ পরীক্ষা-নিরীক্ষা ও তদন্তের জন্য সরবরাহ করিতে এবং প্রয়োজনবোধে উহা হইতে উদ্ধৃতি ও নকল গ্রহণের সুযোগ দান করিতে বাধ্য থাকিবে।

৭। কোন বীমা কোম্পানী আইন অনুযায়ী প্রদেয় কর আদায় করিতে বা আদায় করিয়া বিধি ৪(৩) অনুযায়ী সরকারী ট্রেজারী বা সাব-ট্রেজারীতে জমা দিতে ব্যর্থ হইলে উক্ত কর উক্ত কোম্পানীর নিকট হইতে বকেয়া রাজস্ব (arrear of revenue) হিসাবে আদায় করা হইবে।

## ছক

(বিধি ৪(৩) দ্রষ্টব্য)

### বীমা প্রিমিয়াম কর সম্পর্কিত ত্রৈমাসিক রিটার্ণ

হইতে........., ১৯৮....

বীমা কোম্পানীর নামঃ
ঠিকানাঃ

| বীমার শ্রেণীওয়ারী নাম | বীমা গ্রহীতার সংখ্যা | প্রিমিয়ামের পরিমাণ | প্রিমিয়াম করের হার | প্রিমিয়াম করের পরিমাণ | প্রিমিয়াম প্রত্যর্পণের পরিমাণ | প্রিমিয়াম কর প্রত্যর্পণের পরিমাণ | নীট প্রিমিয়ামের পরিমাণ | নীট প্রিমিয়াম করের পরিমাণ | ট্রেজারী চালানের নম্বর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমার কোম্পানীতে রক্ষিত রেজিস্টার/রেকর্ড এর ভিত্তিতে আমি এই রিটার্ণ প্রস্তুত করিয়া পেশ করিলাম। এই রিটার্ণ সম্পূর্ণ ও নির্ভুল।

কোম্পানীর উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর ও সীল

**এস, এম, আকরাম**
সদস্য (আবগারী)।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।